কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ভর্তি চলছে
মাধ্যমিক
উচ্চমাধ্যমিক
HALDAR GROUP
সোনারপুর | www.haldargroup.org
7439028998

বর্ষ ৪৩ সংখ্যা ২৫ কলকাতা বুধবার, ১৮ জানুয়ারি ২০২৩/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৪ মাঘ ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## রাজ্যের প্রায় ১০ হাজার আসনে নার্সিংয়ের সার্টিফিকেট এবং ডিপ্লোমা কোর্সে ভর্তি

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির সার্টিফিকেট কোর্স (এ এন এম) এবং জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা (জি এন এম) কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা আয়োজিত হবে ২ জুলাই (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। এ এন এম কোর্সের ক্ষেত্রে শুধু মহিলারা আবেদন করবেন। উভয় কোর্সের ক্ষেত্রে ৩১-১২-২০২২ তারিখ অনুসারে প্রার্থীকে স্থায়ী বাসিন্দা হিসেবে পশ্চিমবঙ্গে অন্তত ১০ বছর টানা বসবাস করে থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই বাংলায়

**প্রবেশিকা পরীক্ষা ২ জুলাই**

বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে হেলথ কেয়ার সায়েন্স শাখায় পড়ে থাকতে হবে। উভয় কোর্সের ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ইংরেজি পড়ে থাকতে হবে।

বয়স: ৩১-১২-২০২৩ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড এ এন এম কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি মাসে ৫০০ টাকা।

মোট ১১৫ নম্বরের পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: লাইফ সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, বেসিক ইংলিশ, ম্যাথমেটিক্স, জেনারেল নলেজ এবং লজিক্যাল রিজনিং। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা নেওয়া হবে দুপুর ১২টা থেকে দেড়টা পর্যন্ত।

এরপর সাতের পাতায়

## সি আই এস এফে ৪৫১ কনস্টেবল

৪৫১ জন ড্রাইভার ও ড্রাইভার-কাম-পাম্প অপারেটর নেবে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী (সি আই এস এফ)। নিয়োগ করা হবে কনস্টেবল পদে। শুধুমাত্র ছেলেরা দরখাস্ত করবেন। প্রাথমিক ভাবে অস্থায়ী নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

**শূন্যপদের বিন্যাস: কনস্টেবল/ড্রাইভার:** ১৮৩টি (সাধারণ ৭৬, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৪৯, আর্থিক ভাবে অনগ্রসর ১৮)। এর মধ্যে ১৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

**কনস্টেবল/ড্রাইভার-কাম-পাম্প অপারেটর:** ২৬৮টি (সাধারণ ১১১, তফসিলি

এরপর তিনের পাতায়

## দেশ জুড়ে অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ৫৪৫০ অ্যাপ্রেন্টিস

দেশের বিভিন্ন রাজ্যে অবস্থিত অর্ডন্যান্স ও অর্ডন্যান্স ইকুইপমেন্ট ফ্যাক্টরি-গুলিতে ৫,৪৫০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কেন্দ্রীয় সরকার। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ৫৭তম ব্যাচে ট্রেনিং দেওয়া হবে।

**আসনসংখ্যার বিবরণ:** নন-আই টি আই ১,৯৩৬টি, এক্স-আই টি আই ৩,৫১৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** নন-আই টি আই: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ

এরপর তিনের পাতায়

## সেনাবাহিনীতে ১৮৯ ইঞ্জিনিয়ার

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ১৮৯ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে শর্ট সার্ভিস কমিশনে। অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। ট্রেনিং শুরু হবে ২০২৩-এর অক্টোবরে। পুরুষদের ৬১তম শর্ট সার্ভিস কমিশন এবং মহিলাদের ৩২ তম শর্ট সার্ভিস কমিশনে ট্রেনিং হবে।

মোট শূন্যপদ ১৮৯টি। শাখানুসারে শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা: **সিভিল/ বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড টেকনোলজি/আর্কিটেকচার:** পুরুষ ৪৯টি, মহিলা ৩টি। **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/এম এসসি কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজি:** পুরুষ ৪২টি, মহিলা ৫টি। **ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ ইনস্ট্রুমেন্টেশন:** পুরুষ ১৭টি, মহিলা ১টি। **ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ফাইবার অপটিক্স/টেলিকমিউনিকেশন/ মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ/ অপ্টো ইলেক্ট্রনিক্স/স্যাটেলাইট কমিউনিকেশন:** পুরুষ ২৬টি, মহিলা ২টি। **মেকানিক্যাল/ প্রোডাকশন/ অটোমোবাইল/ ইন্ডাস্ট্রিয়াল/ম্যানুফ্যাকচারিং/ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট/ওয়ার্কশপ টেকনোলজি/ অ্যারোনটিক্যাল/ এরোস্পেস/অ্যাভিওনিক্স:** পুরুষ ৩২টি, মহিলা ৩টি। **অন্যান্য ইঞ্জিনিয়ারিং শাখা:** পুরুষ ৯টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট

এরপর আটের পাতায়

## এল আই সি-তে ৩০০ অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

৩০০ জন অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নেবে লাইফ ইনশিওরেন্স কর্পোরেশন (এল আই সি)। নিয়োগ হবে জেনারেলিস্ট শাখায়। প্রথমে এক বছরের প্রবেশন। কর্তৃপক্ষ মনে করলে প্রবেশনের মেয়াদ ২ বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১১২, তফসিলি জাতি ৫০, তফসিলি উপজাতি ২৭, ও বি সি ৮৪, আর্থিক ভাবে অনগ্রসর ২৭। এর মধ্যে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৪টি, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৬টি, চলাচলে অক্ষম প্রতিবন্ধীদের জন্য ৫টি এবং বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক।

**বয়স:** ১-১-২০২৩ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫৩,৬০০-১,০২,০৯০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

এরপর দুয়ের পাতায়

## রাজ্যে রিলায়েন্স রিটেলে ফার্মাসিস্ট

কিছু ফার্মাসিস্ট নেবে রিলায়েন্স রিটেল। নিয়োগ হবে কলকাতা, নদিয়া ও মুর্শিদাবাদ জেলায় সংস্থার নেটমেডস ফার্মাসি স্টোরগুলিতে। ফার্মাসির ব্যাচেলর ডিগ্রি ও ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন।

প্রার্থীর ফার্মাসি স্টোরে কাজের অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এম এস অফিস ব্যবহার করে কাজ করার জ্ঞান থাকা দরকার। এস এ পি সফটওয়্যার ব্যবহারের জ্ঞান থাকলে অগ্রাধিকার।

প্রেসক্রিপশন অনুসারে ওষুধ বিক্রি, মেয়াদ উত্তীর্ণ ওষুধ চিহ্নিত করা, স্টোরের স্টক-সংক্রান্ত হিসেবরক্ষণ, ক্রেতার সঙ্গে সুসম্পর্ক বজায় রাখা এবং সংশ্লিষ্ট স্টোরের ব্যবসা বৃদ্ধি ইত্যাদি এই পদের কাজ ও দায়িত্বের অন্তর্ভুক্ত।

আগ্রহীরা দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rcareers.ril.com

এলাকা অনুসারে নির্দিষ্ট উইন্ডোতে ক্লিক করলে পদ-সম্পর্কিত বিশদ তথ্য ও নীচে 'অ্যাপ্লাই নাউ' উইন্ডো পাবেন।

## এয়ার ইন্ডিয়ায় সার্ভিস অ্যাশিওরেন্স অফিসার

বেশ কিছু সার্ভিস অ্যাশিওরেন্স অফিসার নেবে এয়ার ইন্ডিয়া। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটেরা এই পদে আবেদন করতে পারেন। ক্রেতা সামলানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাঙ্ক

**শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট**

বা বিমান পরিবহণ সংস্থায় এইরকম কাজের অভিজ্ঞতাসম্পন্নরা অগ্রাধিকার পাবেন। দেশের যে-কোনও প্রান্তের বিমানবন্দরে চাকরি হবে।


'সেলিব্রেট এভরি ট্রাভেল', এয়ার ইন্ডিয়ার এই স্লোগান ও দর্শনকে বাস্তবায়িত করার অনেকটা দায়িত্বই ন্যস্ত থাকবে সার্ভিস অ্যাশিওরেন্স অফিসারদের উপর। গ্রাউন্ড হ্যান্ডলিং এজেন্সির সঙ্গে একযোগে যাত্রীদের সুচারু পরিষেবা প্রদান করতে হবে।

ক্রেতার সঙ্গে সাবলীল যোগাযোগের দক্ষতা এই পদের ক্ষেত্রে বিশেষ গুণ হিসেবে বিবেচিত হবে, একইসঙ্গে প্রার্থীকে দৃঢ় ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।

আগ্রহীরা অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://content.airindia.in/careers প্রয়োজনীয় তথ্য পাবেন এই ওয়েবসাইটেই।

## বাংলা থেকে সবজি, ফল রপ্তানির সম্ভাবনা প্রচুর, সমন্বিত উদ্যোগের দরকার এখনই

**বাংলার রকমারি সবজি ও ফল দিগ্বিজয় করতে পারে। রপ্তানির সম্ভাবনা অফুরন্ত। কিন্তু বাস্তব চিত্রটি অন্য কথা বলে। সমস্যা কোথায়? সমাধানের উপায়গুলিই বা কী? 'কর্মক্ষেত্র'-র সঙ্গে একান্ত সাক্ষাৎকারে জানালেন ওয়েস্টবেঙ্গল ফ্রুটস অ্যান্ড ভেজিটেবলস এক্সপোর্টার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অঙ্কুশ সাহা।**



**কর্মক্ষেত্র:** *কোভিড অতিমারির দাপট এখন স্তিমিত। এই সময় পশ্চিমবঙ্গ থেকে সবজি রপ্তানির চিত্রটি ঠিক কেমন?*

**অঙ্কুশ সাহা:** রপ্তানি হচ্ছে। তবে রপ্তানির খরচ অনেক বেড়েছে। কোভিড যখন তীব্র আকার নিল, তখন বিভিন্ন বিমান পরিবহণ সংস্থা যাত্রী পরিবহণ বন্ধ রেখেছিল। পণ্য পরিবহণ কিন্তু চালু ছিল। ভাড়া অনেক বাড়িয়ে দেওয়া হয়েছিল। কোভিডের আগে লন্ডনে ১ কেজি সবজি পাঠাতে খরচ পড়ত ৯০ টাকা। কোভিডের সময় সেই ভাড়া বেড়ে দাঁড়াল ২৮০ টাকায়। ইটালিতে কেজি-প্রতি সবজি পাঠানোর ভাড়া বেড়ে হল ৩০০ টাকা। বাড়তি ভাড়াই চালু আছে। আমরা যাঁরা নিয়মিত রপ্তানি করি, তাঁরা বাড়তি ভাড়া গুনেই মাল পাঠাচ্ছি। তার উপর, বিদেশি বিমান সংস্থাগুলির বিমানে ১,০০০ কেজি-র কম মাল পাঠানো যাচ্ছে না। এয়ার ইন্ডিয়ার বিমানে ন্যূনতম ৫০০ কেজি মাল পাঠাতে হচ্ছে। ফলে বুঝতেই পারছেন,

এরপর আটের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

# সি আই এস এফে ৪৫১ কনস্টেবল

*প্রথম পাতার পর*

জাতি ৪০, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৭২, আর্থিক ভাবে অনগ্রসর ২৬)। এর মধ্যে ২৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল, সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিকাল বা ট্রান্সপোর্ট ভেহিকাল বা লাইট মোটর ভেহিকাল বা গিয়ার-সহ মোটর সাইকেলের ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এর পাশাপাশি ২২-২-২০২৩ তারিখ অনুসারে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ২২-২-২০২৩ তারিখে ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৬৭ সেমি (গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি, তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা-ছাড়া কাছের ক্ষেত্রে উভয় চোখে এন৬, চশমা-ছাড়া দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৬। রং চেনার ক্ষমতা সিপি-টু মানের হতে হবে।

**বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শারীরিক মাপজোক যাচাই, শারীরিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, লিখিত পরীক্ষা বা কম্পিউটারভিত্তিক পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে হাইট বার টেস্ট, ৩ মিনিট ১৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, তিন বারের সুযোগে ১১ ফুট লং জাম্প এবং ৩ ফুট ৬ ইঞ্চি হাই জাম্প। এছাড়াও থাকবে ড্রাইভিং ও মোটর মেকানিজম-সংক্রান্ত টেস্ট। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় জেনারেল নলেজ অ্যান্ড অ্যাওয়্যারনেস, এলিমেন্টারি ম্যাথমেটিক্স, অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, অবজার্ভ অ্যান্ড ডিস্টিংগুয়িশ প্যাটার্ন, ইংলিশ অথবা হিন্দি জ্ঞান বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: http://cisfrectt.in

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://cisfrectt.in রেজিস্ট্রেশন করা যাবে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দুই পর্যায়ে রেজিস্ট্রেশন করতে হবে। প্রথম পর্বে প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) এবং বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা-সম্পর্কিত যাবতীয় নথিপত্র (পি ডি এফ ফর্ম্যাটে, ১ এম বি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। মনে রাখবেন, যে-তারিখে ফটোটি তোলা হয়েছে ফটোর উপর সেই তারিখের উল্লেখ থাকতে হবে। ২৩-১-২০২৩ তারিখ অনুসারে তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না। অনলাইন রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

রেজিস্ট্রেশনের দ্বিতীয় পর্বে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে পারেন। এছাড়া অফলাইনে চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। অফলাইনে ফি জমা দেওয়া যাবে ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। তবে সেক্ষেত্রে চালানের প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ২২ ফেব্রুয়ারি। ফি জমা দেওয়ার পর রিসিপ্ট বা রসিদ নিয়ে নেবে। দেখে নেবেন তাতে রেজিস্ট্রেশন নম্বর ও ট্রানজ্যাকশন আই ডি আছে কিনা।

রেজিস্ট্রেশন যথাযথ ভাবে সম্পূর্ণ করার পর পূরণ করা অনলাইন দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।


## শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

**হলদিয়া ডক কমপ্লেক্স**

শ্যামা প্রসাদ মুখার্জি পোর্ট, কলকাতা-র বোর্ড রেজোলিউশন নং R/242/HDC/P&IR/3/09/2022 তারিখ 23.09.2022-এ । & CF বিভাগের অধীনে, টেকনিক্যাল অফিসার (শ্রেণি-II), হলদিয়া ডক কমপ্লেক্স-এর ক্ষেত্রে নিয়োগের নিয়ম (তফসিল-C) সংশোধন করা হয়েছে। সংশোধিত নিয়োগের নিয়মগুলি SMP, কলকাতার ওয়েবসাইট www.smportkolkata.shipping.gov.in-এ উপলব্ধ।



## M. B. Veterinary College, Dungarpur (Raj.)

**Recognized by Govt. of India, and VCI, New Delhi**

**Affiliated to Rajasthan University of Animal Science, Bikaner**

## VETERINARY DOCTOR COURSE

Applications are invited from eligible desirous candidates for admission in **B.V.Sc and A.H. degree course** (5 Years) against management Seat.

**Qualification:-** 10+2 PCB. The Seats will be filled on the basic of merit of NEET 2022 result. State seats remained vacant after their last counseling will be filed from this merit list.

*For update visit to college website www.mbvet.org.in and mail us cvas910@gmail.com*

**Contact : 8696907001,9414267235,8696908001,9414419697**

**College Address:- M.B. Veterinary College, Near Railway Station, Dadodiya, Dungarpur (Rajasthan)314001**


এই নিয়োগ-সংক্রান্ত আবেদন-গ্রহণ প্রক্রিয়া এখনও শুরু হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। আগ্রহী প্রার্থীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দেশ জুড়ে অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ৫৪৫০ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

মাধ্যমিক। ম্যাথমেটিক্স ও সায়েন্সে অন্তত ৪০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। এক্স-আই টি আই। ৫০ শতাংশ নম্বর সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ৫০ শতাংশ নম্বর সহ আই টি আই কোর্স পাশ।

বয়স: অনলাইন আবেদনের শেষ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.yantraindia.co.in আবেদনের প্রক্রিয়া এখনও শুরু হয়নি। প্রক্রিয়া শুরু হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। আগ্রহীরা জানুয়ারির চতুর্থ সপ্তাহ থেকে চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।




## POWER up your career in MINING

NTPC Limited is India's largest integrated energy company with installed capacity of 70,874 MW and has presence in the entire value chain of the power generation business. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032. NTPC also owns 07 allotted Coal Blocks with a future capacity of 100 MTA.

**NTPC is looking for General Manager (Mining)**
as per details given below:

**Name of Post:** General Manager (Mining) – 07 Posts (E8 Level)

**Qualification:** Graduate in Mining Engineering from a recognized University/ Institution with First Class Mine Manager's Certificate of coal.

**Experience Profile:** Minimum 23 years of post-qualification experience in the executive cadre in relevant area in a Govt./ Public Sector Undertaking or private company of repute. Should have experience in mine planning, project implementation and operation & maintenance of Coal Mining Project (preferably open cast mine). The candidate should have given significant contribution in development of mines (preferably open cast mine) starting from green field project to operation of mine. Should have expertise in dealing with Govt. officials for getting various clearances for developing mines.

**Experience Requirement:** Minimum 23 years of post-qualification experience in the executive cadre in the relevant area in a Govt./Public Sector Undertaking or Private company of repute, out of which atleast 08 years' experience in the post and scale of Rs. 1,00,000 – 2,60,000 or above (IDA pay scale effective from 01.01.2017) or equivalent level/post profile.

**Upper Age Limit:** 55 Years

**How to Apply:** Interested eligible candidates should log on to our website **careers.ntpc.co.in** or visit careers section at **www.ntpc.co.in** for viewing full text of the advertisement and for applying. Only online mode of application will be accepted.

**IMPORTANT DATES:**
Commencement of online application: 06.01.2023
Last date for online application: 20.01.2023

Any further addendum/corrigendum/updates will only be published on our website.

**NTPC Limited** (A Govt. of India Enterprise) Leading the Power Sector

NTPC Bhawan, SCOPE Complex, 7, Institutional Area, Lodhi Road, New Delhi-110003

Advt. No.- 01/23



## CAREER TOPPERS
A Jadavpur University Alumnus Academic Initiative

**NEET 2023**

# কোনো অগ্রিম টাকা ছাড়া
পশ্চিমবঙ্গের সরকারী মেডিকেল কলেজে ভর্তি
**GUARANTEED**



৬ লাখ টাকা
সরকারী কলেজে ভর্তির পর দিতে হবে
কলকাতা ও জেলা

NEET পরীক্ষায় ন্যূনতম 350 নম্বর আবশ্যক

25/A Shakespeare Sarani, The Legacy, Level 1, Kolkata-17 | 9830623337

# TECHNO INDIA GROUP PUBLIC SCHOOL

Following CBSE Curriculum



Online Registration: **www.tigps.in**

# ADMISSIONS OPEN 2023-24

**Playgroup to IX and XI (Sc. / Arts / Comm.)**

Central Helpline:
**+91 7029381692**

**Highlights:** Safe & Hygienic School Infrastructure | Excellent Academic Record | Digitally Enhanced Classrooms | Qualified & Dedicated Teaching Staff | State-of-the-art Lab and Library | Coding Classes | Remedial Class Support | Varied Extra- Curricular Activity | Scouts & Guides | Co-curricular Training by Reputed Mentors | Specialized Training in Games & Sports | Meditation & Yoga | Transport Facilities

Domestic & International Edu Tours | International students / Teachers exchange | Creative Workshops | Career Counselling | Atal Tinkering Lab facility* | Alumni Connect & Community Connect Programs



"A well-planned education system creates dynamic possibilities for students to excel on a global level. To build their academic integrity in this 21st Century world, immense importance is given to digital learning right from the beginning."

Satyam Roychowdhury
*Co-Founder & Managing Director, Techno India Group*
*Chancellor, Sister Nivedita University*

## SPECIAL PROGRAMS*

### TECHNO ACE

**Integrated classroom coaching for Competitive Examinations like JEE (Main & Advance), NEET(UG), WBJEE, ICAR, NDA, CUET and other entrance exams for UG study programs.**

- Program runs parallel with School Academic Year Planner
- Coaching to be held in school during the school hours by specialized subject experts
- Regular Academic Mapping through scientifically designed Mock Tests and Composite Tests

**French language classes** by teachers from France

**Hostel and Day Boarding Facilities**

We are present in 16 districts of Bengal, and growing

Our Alumni are placed in premium Institutes and Organizations across the globe

We churn out state toppers every year - in Academics, Sports & Creative talents

**Scholarships available for deserving Students**

### School Helpline

**Alipurduar:** 9564172473 | **Bolpur:** 9830050303 / 7029194976 | **Coochbehar:** 7063787447 | **Durgapur:** 7029274898 / 7029275770 | **Falakata:** 7365801010 | **Hooghly:** 9123760266 / 9903504753 | **Jalpaiguri:** 9635731184 / 8167086500 | **Kolaghat:** 7047839368 | **Krishnanagar:** 8373052382 | **Malda:** 8967826765 | **Midnapore:** 7029997007 / 7029149567 | **Nabadwip:** 8101786779 | **Raiganj:** 9083277096 / 9083277098 | **Raniganj:** 9647937367 / 9933138264 | **Siliguri:** 8597285542 | **Sodepur:** 8961331559 / 7687942227

# সেনাবাহিনীতে ১৮৯ ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। কম্পিউটার শাখার ক্ষেত্রে কম্পিউটার সায়েন্সের এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** ১-১০-২০২৩ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১০-১৯৯৬ থেকে ১-১০-২০০৩-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশান বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের জন্য। প্রথম বার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেল ভাড়া পাওয়া যাবে।

ট্রেনিংয়ের মেয়াদ ৪৯ সপ্তাহ। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতন নির্দিষ্ট মাসিক ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৯ ফেব্রুয়ারি পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে রোল নম্বর পাওয়া যাবে। রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

দৃষ্টিশক্তি, দৈহিক মাপজোক-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# শহিদ ভগৎ সিংহ কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ৬৭ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে শহিদ ভগৎ সিংহ (সান্ধ্য) কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SBSEC/Teaching/2022/275.

বিভাগ অনুসারে শূন্যপদের বিন্যাস: **কমার্স:** ৩১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২, চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী ১)। **ইকনমিক্স:** ৮টি (সাধারণ ৩, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ইংলিশ:** ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **হিন্দি:** ৪টি (ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **হিস্ট্রি:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। **পলিটিক্যাল সায়েন্স:** ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত ভারতীয় বা বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ইউ জি সি বা সি এস আই আর নেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অথবা নির্দিষ্ট কিছু সমীক্ষা অনুসারে ক্রমতালিকায় থাকা বিশ্বের প্রথম ৫০০টি বিশ্ববিদ্যালয়ের কোনও একটি থেকে পি এইচ ডি ডিগ্রি অর্জন করে থাকতে হবে।

**বেতনক্রম:** ৫৭,৭০০-১,৮২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত ক্ষেত্রে প্রাপ্ত নম্বর, গবেষণামূলক প্রকাশনা ও শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.uod.ac.in দরখাস্তের শেষ তারিখ ২৭ জানুয়ারি।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.sbsec.org


ওএনজিসি ONGC

## অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন লিমিটেড

এমবিএ বেসিন, আর অ্যান্ড পি সেকশন, কলকাতা

G20 | Azadi Ka Amrit Mahotsav

### এমবিএ বেসিন কলকাতায় চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগের জন্য ওয়াক-ইন-ইন্টারভিউ

**এডিভিটি নং. ০৩/২০২২ (আর অ্যান্ড পি)**

অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন লিমিটেড (ওএনজিসি), একটি "মহারত্ন" পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ প্রতি মাসে ১,০০,০০০ টাকা মোট সাম্মানিকে তাঁদের যোগদানের তারিখ থেকে ৩০.০৬.২০২৪ তারিখ পর্যন্ত সময়সীমার জন্য চুক্তির ভিত্তিতে ওএনজিসি, কলকাতায় মেডিক্যাল অফিসার নিয়োগ করতে আগ্রহী। ইচ্ছুক প্রার্থীরা ওএনজিসি, টেকনোপলিস্ বিল্ডিং, ৩য় তল কনফারেন্স হল, বিপি- ব্লক, সল্টলেক সিটি, সেক্টর-V, কলকাতা-৭০০ ০৯১-তে ২৩.০১.২০২৩ **তারিখ সকাল ১০টা থেকে দুপুর ১২টার মধ্যে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের জন্য উপস্থিত হবেন।**

**পদ, আবশ্যিক যোগ্যতা এবং সাম্মানিকের বিবরণ**

| ক্র. নং. | পদ | যোগ্যতা | স্থায়ী সাম্মানিক প্রতি মাসে |
|---|---|---|---|
| ১ | কন্ট্র্যাক্ট মেডিক্যাল অফিসার-অক্যুপেশনাল হেলথ্ (ওএইচ) # | ব্যাচেলার অফ মেডিসিন এবং ব্যাচেলর অফ সার্জারি (এম.বি.বি.এস) | ১,০০,০০০ টাকা |

# অক্যুপেশনাল হেলথ্/পাবলিক হেলথ্ অথবা অক্যুপেশনাল মেডিসিনে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। সম্পূর্ণ সংশ্লিষ্ট তথ্য সম্বলিত বিস্তারিত বিজ্ঞাপনের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.ongcindia.com দেখুন।


# বাংলা থেকে সবজি, ফল রপ্তানির সম্ভাবনা প্রচুর, সমন্বিত উদ্যোগের দরকার এখনই

*প্রথম পাতার পর*

বিমানেযোগে রপ্তানির খরচ অনেক গুণে বেড়েছে। সবজির মতো পচনশীল পণ্য বিমানে না পাঠিয়ে উপায়ও নেই।

**কর্মক্ষেত্র:** *দামের ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বিতার মুখে পড়তে হচ্ছে না?*

**অঙ্কুশ সাহা:** খুবই হচ্ছে।

**কর্মক্ষেত্র:** *বর্তমানে এই বাড়তি পরিবহণ খরচটাই কি মূল সমস্যা?*

**অঙ্কুশ সাহা:** সমস্যা আরও আছে। কোভিডের আগে পশ্চিমবঙ্গ থেকে মাসে ৬,৫০০ মেট্রিক টন সবজি, ফল রপ্তানি হত। সে জায়গায় মহারাষ্ট্র থেকে রপ্তানি করা হত মাসে ৩৫,০০০ মেট্রিক টন সবজি ও ফল। বাংলাদেশ থেকে প্রচুর পরিমাণে সবজি রপ্তানি হয় ইউরোপ, আমেরিকা, মধ্যপ্রাচ্যের দেশগুলিতে। অথচ বাংলায় নানা রকমের সবজি প্রচুর পরিমাণে উৎপাদিত হলেও, অনেক সময় নষ্টও হয় প্রচুর। এ আমাদের সামগ্রিক ব্যর্থতা। পশ্চিমবঙ্গ থেকে প্রচুর পরিমাণে সবজি রপ্তানি করা যায়, আরও বেশি বিদেশি মুদ্রা উপার্জন করা যায়, অনেকের কাজের সুযোগ তৈরি করা যায়, লাভবান হওয়ার সুযোগ আছে কৃষকদেরও।

**কর্মক্ষেত্র:** *অসুবিধাটা কোথায়?*

**অঙ্কুশ সাহা:** সুসংহত ব্যবস্থাপনার দরকার রয়েছে। সেই ব্যবস্থাপনায় সরকারের একটা বড় ভূমিকা রয়েছে। রাজ্য ও কেন্দ্রীয় সরকার, উভয়েরই। ভাড়া কমানোর জন্য বিদেশি বিমান সংস্থার সঙ্গে কথা বলতে হবে সরকারকেই। আমরা যেখানে প্রতি কেজি সবজি পাঠাচ্ছি ৩০০ টাকায়, সেখানে বাংলাদেশের রপ্তানিকারকরা প্রতি কেজি মাল পাঠাতে পারছেন ২০০-২১০ টাকায়। ওদেশ থেকে অনেকে মিলে সংগঠিত ভাবে সবজি-ফল রপ্তানি করছেন। এ বঙ্গেও অনেকেই আনাজ-ফল রপ্তানির ব্যবসায় এসেছিলেন, কিন্তু সরকারি সহযোগিতা না পাওয়ায় তাঁদের একাংশ ব্যবসা গুটিয়ে নিয়েছেন। বর্তমানে হাতেগোনা কয়েক জন ব্যবসায়ী এ জাতীয় পণ্য রপ্তানি করে থাকেন।

উপযুক্ত পরিকাঠামোর অভাবও একটা বড় কারণ। আমি অন্যান্য সবজির সঙ্গে পান রপ্তানি করি। পানে ক্ষতিকর জীবাণু আছে কিনা তা যাচাই করার জন্য সেই পান পাঠাতে হয় হায়দরাবাদের একটি ল্যাবরেটরিতে। পান জলে ভেজানো থাকলে সতেজ থাকে, তাই পচনের সম্ভাবনা কম বলে হায়দরাবাদ থেকে পরীক্ষা করিয়ে আনা সম্ভব হয়। অন্য সবজির ক্ষেত্রে সেটা হয় না। দ্রুত কাজ হয় ওখানে। আমাদের বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে একটি ল্যাবরেটরি তৈরি হয়েছিল এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির (অ্যাপেডা) আর্থিক সহায়তায়। সেটি অকেজো হয়ে পড়ে রয়েছে। বেসরকারি ল্যাবরেটরিতে পরীক্ষার খরচও অনেকটাই বেশি।

**কর্মক্ষেত্র:** *২০২২-এর বিশ্ব বঙ্গ সম্মেলনে পশ্চিমবঙ্গ সরকারের তরফে কৃষিজ পণ্য রপ্তানি নীতি প্রকাশিত হয়েছে। সমস্যাগুলির সুরাহায় এই রপ্তানি নীতি কোনও কার্যকর ভূমিকা নিতে পারে বলে মনে করছেন?*

**অঙ্কুশ সাহা:** সবজি-ফল রপ্তানিকারকরা দীর্ঘদিন এই রপ্তানি নীতির জন্য অপেক্ষা করে ছিলেন। ২০১৮ থেকে নীতি প্রণয়নের কাজ চলছিল। আমাদের সংগঠন সরকারের সঙ্গে ক্রমাগত আলাপ-আলোচনা চালিয়ে গিয়েছে। আমি নিজেও প্রচুর দৌড়ঝাঁপ করেছি এ ব্যাপারে। এই নীতি কৃষিজ পণ্য রপ্তানি-ব্যবসায়ীদের কাছে একটা গুরুত্বপূর্ণ অবলম্বন হয়ে উঠতে পারে বলে মনে করি। সরকারি দায়বদ্ধতার একটা জায়গা তৈরি হল।

**কর্মক্ষেত্র:** *কৃষিজ পণ্য রপ্তানির সহায়ক পরিবেশ তৈরি হলে নতুন করে অনেকে এই ব্যবসার উদ্যোগ নেবেন বলে মনে করেন?*

**অঙ্কুশ সাহা:** নীতি আয়োগের ২০১৮ সালের একটি হিসেব অনুযায়ী, ভারতে প্রতি বছর অন্তত ৪৪ হাজার কোটি টাকার সবজি ও ফল নষ্ট হয়ে যায়। পশ্চিমবঙ্গ এক্ষেত্রে ব্যতিক্রমী নয়। এত বিবিধ সবজি ফলে এখানে। নষ্টও হয় যথেচ্ছ। এই অবস্থায় আরও বহু মানুষের রপ্তানির ব্যবসায় আসা উচিত। অনেক লোক কোনও একটি ব্যবসাক্ষেত্রে জড়ো হলে একটা জোরের জায়গাও তৈরি হয়। এই কাজটা বাংলাদেশ করতে পেরেছে। তার সুফলও পাচ্ছেন ওদেশের ব্যবসায়ীরা। কৃষক, ব্যবসায়ী ও সরকার মিলে একটা সুসমন্বিত উদ্যোগ নেওয়ার দরকার আছে।

**কর্মক্ষেত্র:** *বাংলার কোন কৃষিজ পণ্যগুলি বিশ্ব-বাজারে এখনই সমীহ আদায় করতে পারে বলে মনে করেন?*

**অঙ্কুশ সাহা:** ইউরোপের বাজারে মহারাষ্ট্রের ঢ্যাঁড়শের প্রায় একচেটিয়া ব্যবসা। মুম্বই ঢ্যাঁড়শ নামে আন্তর্জাতিক ক্ষেত্রে ইতিমধ্যেই তার বিরাট পরিচিতি। অথচ মহারাষ্ট্রে বছরে মাত্র তিন মাস ঢ্যাঁড়শ ফলে। পশ্চিমবঙ্গে সেটি আমরা পাই প্রায় বছরভরই। গুণমানও যথেষ্ট ভালো। তা সত্ত্বেও ইউরোপের বাজারে বাংলার ঢ্যাঁড়শের অস্তিত্ব নেই, বাজারের চাহিদার একটা বড় অংশ পূরণ করে চলেছে উগান্ডা, জর্ডন, ইজিপ্ট থেকে আসা ঢ্যাঁড়শ। পশ্চিমবঙ্গের লঙ্কারও যথেষ্ট সুনাম। আরও বিস্তৃত আকারে আমরা লঙ্কার ব্যবসা করতে পারি। পশ্চিমবঙ্গের পটল, কাঁকরোল, সিম, কাঁচা হলুদ, পানের তুলনা পাওয়া ভার। এগুলোর একটা ব্র্যান্ড ভ্যালু গড়ে তোলার দরকার রয়েছে। সংশ্লিষ্ট সকল পক্ষের সম্মিলিত উদ্যোগেই তা বাস্তবায়িত হতে পারে।

এ প্রসঙ্গে আর-একটি কথা বলি। নানা কারণে সম্প্রতি বাজারে আলুর দর বেড়েছে। তবে সারা বছর ধরেই এমন অবস্থা থাকে না। প্রচুর আলু নষ্টও হয়। আমাদের রাজ্য থেকে প্রচুর আলু রপ্তানি হতে পারে। দার্জিলিং জেলার কিছু জায়গায় আলুর ফাঙ্গাস-ঘটিত একটি রোগ হয়। এই রোগটিকে ঢাল করে গোটা রাজ্যের আলুকেই কার্যত রপ্তানি ক্ষেত্রে ব্রাত্য করে দেওয়া হল কেন্দ্রীয় সরকারের তরফে। বিষয়গুলি নিয়ে উদ্যোগী হওয়ার দরকার রয়েছে। সামগ্রিক ভাবে রাজ্য সরকারের দায়িত্ব এক্ষেত্রে অনেক বেশি এবং বহুমুখী। দেশে চাকরিহীনতার পরিস্থিতিতে, নানা হাহাকারের মধ্যে কৃষি-ভিত্তিক রপ্তানি ব্যবসার বিকাশ অনেকের কাজকর্মের ব্যবস্থা করে দিতে পারে।

**কর্মক্ষেত্র:** *যাঁরা রপ্তানির ব্যবসার কথা ভাবছেন তাঁরা কী ভাবে অ্যাসোসিয়েশনের সঙ্গে যোগাযোগ করতে পারেন?*

**অঙ্কুশ সাহা:** অ্যাসোসিয়েশনের ঠিকানা: ১৬৬/১, যশোর রোড, কলকাতা-৭০০ ০৮১। ফোন: ৯০৬২২-৪৯৫৮৪।


**JAN. 2023 SESSION ADMISSIONS OPEN**

AMITY UNIVERSITY KOLKATA

# Ph.D. PROGRAMMES
(FULL-TIME OR PART-TIME)

JOIN AN EDUCATION GROUP WHOSE SCIENTISTS AND RESEARCHERS HAVE:
- Filed 1840 Patents
- Developed 3,800 Case studies bought across 110 countries

Registration Open in following disciplines:
Mass Comm. | Political Sc. | Psychology | Geography | Biotech. | Commerce | Law | Information Technology | Management | Chemistry | Mathematics | Physics | Statistics | Nanotech. | English | Environmental Sc.

Be part of a research driven culture at Amity Group
- 400 Govt. funded research projects being attended by faculty
- 900 books authored by faculty
- 30,000 research publications in reputed journals
- 250 global universities as research partners
- 2,500 scholars registered for doing Ph.D. in path breaking research areas

UGC/CSIR-NET-JRF holders can avail fellowship as per rules

- Last date to apply – 24th Jan. 2023
- Entrance exam – 31st Jan. 2023
- To apply, visit https://amity.edu/phd/



Major Arterial Road, Action Area II, New Town, Kolkata | Ph.: 8420694379 | admissions@kol.amity.edu


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in